

# SRI RAMKRISHNA ASHRAMA INSTITUTE (HIGH SCHOOL)

বিষয় -আমাদের পরিবেশ

শ্রেণী- পঞ্চম

অধ্যায় -পরিবেশ ও সম্পদ(দ্বিতীয় অংশ)

## Assignment

**মূল বিষয়বস্তু-** এই অধ্যায়ের দ্বিতীয় অংশটিতে মূলত বিভিন্ন স্মরণীয় ব্যক্তিত্ব দের কার্যকলাপ এবং তাঁরা কিভাবে দেশের জন্য নিজের জীবনকে উৎসর্গ করেছেন বা সমাজকে পরিচালনা করার ক্ষেত্রে সঠিক পথের দিশা দেখিয়েছেন সেই সম্পর্কে আলোচনা করা হয়েছে। এছাড়া বিভিন্ন উল্লেখযোগ্য দিবস এর তারিখ ও তাৎপর্য জানতে পারবো।

**উৎসব-** সামাজিক ও ধর্মীয় যেকোনো অনুষ্ঠানে যখন জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে বহু মানুষের মিলন ঘটে তখন তাকে উৎসব বলে।  
উদাহরণ -দুর্গোৎসব ,দোল উৎসব প্রভৃতি।

### উৎসবের প্রয়োজনীয়তা-

- ক) সুপ্ত সাংস্কৃতিক জ্ঞানের প্রকাশ ঘটে।
- খ) বহু মানুষের মিলন ঘটে।
- গ) মিলেমিশে একত্রে কাজ করার অভ্যাস গড়ে ওঠে।
- ঘ) বহু মানুষের জীবন সংস্থানের উপায় সৃষ্টি হয়।

**মনীষী-** যাঁরা জ্ঞান ও বিদায় সমাজে মানুষের মধ্যে সর্বশ্রেষ্ঠ এবং আমাদের সমাজে যাদের অবদান অপরিসীম তাদের আমরা মনীষী বলবো। উদাহরণ - রাজা রামমোহন রায়, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, স্বামী বিবেকানন্দ, ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রমুখ।

## **রাজা রামমোহন রায়-**

**জন্ম সাল-** 1772 খ্রিস্টাব্দে রাজা রামমোহন রায় জন্মগ্রহণ করেন।

**সমাজ সংস্কারে অবদান-** ১) হিন্দু সমাজে প্রচলিত বিভিন্ন কুপ্রথার বিরুদ্ধে রামমোহন রায় বিদ্রোহী হয়ে উঠেছিলেন।

২) রামমোহন রায়ের প্রচেষ্টায় লর্ড উইলিয়াম বেন্টিনক 1829 খ্রিস্টাব্দে একটি আইনের মাধ্যমে সতীদাহ প্রথা নিষিদ্ধ বলে ঘোষণা করেন।

৩) তিনি নারী পুরুষের সমান অধিকার ও স্ত্রী শিক্ষা বিস্তারে উদ্যোগী হয়েছিলেন।

**মৃত্যু সাল-** 1833 খ্রিস্টাব্দে তিনি মৃত্যুবরণ করেন।

**\*উক্ত লেখার আকারে পাঠ্য বইয়ের অন্তর্গত বাকি স্মরণীয় ব্যক্তিত্বদের অবদান লেখার চেষ্টা করো।**

## **Home work-**

১) তিতুমীর কে আমরা মনে রাখব কেন?

২) নিম্নলিখিত দেশগুলির তারিখ ও তাৎপর্য উল্লেখ করো-

ক) সাধারণতন্ত্র দিবস খ) শিশু দিবস গ) স্বাধীনতা দিবস

ঘ) পরিবেশ দিবস

### গুরুত্বপূর্ণ প্রশ্নাবলী-

ক) উৎসব বলতে কী বোঝো? উৎসবের প্রয়োজনীয়তা লেখ।

খ) স্মরণীয় ব্যক্তি কাদের বলা হয়? তাঁরা স্মরণীয় কেন?

গ) বাঁশেরকেল্লা কে কেন বানিয়েছিল?

### NOTE :-

- Drop your queries regarding the chapter in comment box, if any.
- Mention your NAME, CLASS, SEC., ROLL.
- Provide your CONTACT NO. (We shall directly contact you if required.)